উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শ্রীবরদী, শেরপুর।
www.sreebordi.sherpur.gov.bd

পত্র নং- ০৫.৪৫.৮৯৯০.০০৪.৭৩.০৬১.১৭-৬৩৩ তারিখ ০৫ আশ্বিন ১৪২৮ / ২০ সেপ্টেম্বর ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনী গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা-২০১৫ (স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক জারীকৃত এস. আর. ও নং ৮৯-আইন/২০১৫, তারিখ- ০৪ মে, ২০১৫ এবং সংশোধিত প্রজ্ঞাপন এস. আর. ও নং ২৩২-আইন/২০১৭, তারিখ- ০৩ জুলাই/২০১৭) অনুযায়ী শেরপুর জেলাধীন নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদ কার্যালয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের লিখিত চাহিদাপত্রের ভিত্তিতে দফাদার ও মহল্লাদার এর শূন্যপদের বিপরীতে অস্থায়ীভাবে পদোন্নতি/নিয়োগের নিমিত্ত স্ব স্ব ইউনিয়নের স্থায়ী (মহল্লাদারদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের নাগরিককে অগ্রাধিকার দেয়া হবে) পুরুষ/মহিলা নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্র: নং | ইউনিয়নের নাম | পদের নাম | ওয়ার্ড নং | শূন্য পদের সংখ্যা | সর্ব সাকুল্যে বেতন | শিক্ষাগত যোগ্যতা | নিয়োগ পদ্ধতি |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২নং রানীশিমুল | মহল্লাদার | ০৩,০৬,০৮,০৯ | ০৪ | সরকার কর্তৃক নির্ধারিত ৩,২৫০+৩,২৫০=৬,৫০০/- | কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ | সরাসরি নিয়োগের মাধ্যমে |
| ০২ | ০৩নং কাকিলাকুড়া | মহল্লাদার | ০১,০২,০৩,০৭,০৮ | ০৫ | | | |
| ০৩ | ০৪নং তাতিহাটি | মহল্লাদার | ০২,০৯ | ০২ | | | |
| ০৪ | ০৬নং শ্রীবরদী | মহল্লাদার | ০১,০৮ | ০২ | | | |
| ০৫ | ০৭নং ভেলুয়া | মহল্লাদার | ০৪,০৯ | ০২ | | | |
| ০৬ | ০৮নং খড়িয়া কাজিরচর | মহল্লাদার | ০৬,০৭,০৮ | ০৩ | | | |
| ০৭ | ০৯নং কুড়িকাহনিয়া | মহল্লাদার | ০১ | ০১ | | | |
| ০৮ | ১০নং গড়জরিপা | মহল্লাদার | ০৪ | ০১ | | | |
| ০৯ | ০৩নং কাকিলাকুড়া | দফাদার | -- | ০১ | সরকার কর্তৃক নির্ধারিত ৩,৫০০+৩,৫০০=৭,০০০/- | মহল্লাদার পদে অন্যূন ০৭(সাত) বছরের চাকুরিকাল | পদোন্নতির মাধ্যমে |
| ১০ | ০৬নং শ্রীবরদী | দফাদার | -- | ০১ | | | |
| ১১ | ১০নং গড়জরিপা | দফাদার | -- | ০১ | | | |

### ঃ শর্তাবলী ঃ

০১। দফাদার/মহল্লাদার পদে নিয়োগের জন্য প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। দফাদার পদে পদোন্নতির জন্য যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৩। আবেদন পত্রে (ক) প্রার্থীর নাম(বাংলায় ও ইংরেজীতে) (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ (জন্ম সনদ দাখিল করতে হবে) (ছ) জাতীয় পরিচয় পত্রের নম্বর (জ) বয়স (২৫/০৩/২০২০ খ্রি.তারিখে) (ঝ) জাতীয়তা (ঞ) ধর্ম (ট) বৈবাহিক অবস্থা (ঠ) শিক্ষাগত যোগ্যতা (ড) অভিজ্ঞতা (যদি থাকে) (ঢ) শারীরিক যোগ্যতার পরিমাপ (ণ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখসহ প্রার্থীকে নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত আবেদনপত্র দাখিল করতে হবে। (চাকুরির আবেদন ফরম www.sreebordi.sherpur.gov.bd তে পাওয়া যাবে)।

০৪। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা ঃ

**পুরুষ প্রার্থীর ক্ষেত্রে :**

(ক) উচ্চতা- সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি (খ) বুকের মাপ- সর্বনিম্ন ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ; ৩২ ইঞ্চি (সম্প্রসারিত) (গ) ওজন- সর্বনিম্ন ৫০ কেজি।

**মহিলা প্রার্থীর ক্ষেত্রে :**

(ক) উচ্চতা- সর্বনিম্ন ৫ ফুট (খ) বুকের মাপ- সর্বনিম্ন ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ; ৩০ ইঞ্চি (সম্প্রসারিত) (গ) ওজন- সর্বনিম্ন ৪৫ কেজি।



Scanned with CamScanner

০৫। প্রার্থীকে আবেদনপত্রে সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি অবশ্যই সংযুক্ত করতে হবে : (ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি (খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র (গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি(যদি থাকে) (ঘ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি (ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রের মূল কপি (চ) সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা সংক্রান্ত প্রত্যয়নপত্র (চেয়ারম্যান/ইউপি সদস্য কর্তৃক প্রদত্ত) (ছ)সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি (ছবি ও দাখিলকৃত অনুলিপি প্রথম শ্রেণী কর্মকর্তা কর্তৃক সত্যায়নের ক্ষেত্রে )।

০৬। যে কোন তফসিলি ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর এর বরাবর ৩০০/-(তিনশত) টাকা মূল্যমানের অফেরৎযোগ্য ব্যাংক ড্রাফ্ট/পে অর্ডার আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

০৭। সংশ্লিষ্ট ওয়ার্ডে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের অন্য ওয়ার্ড থেকে মহল্লাদার পদ পূরণ করা হবে।

০৮। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর বয়স ২৫/০৩/২০২০ খ্রি. তারিখে অবশ্যই ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার ১৯-০৮-২০২১ তারিখের ০৫.৪৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৩ নং স্মারক অনুযায়ী)। তবে মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্য এর ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন ধরনের এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

০৯। সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে। মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের ২৪তম সভার সিদ্ধান্ত অনুসারে মুক্তিযোদ্ধা সনদের ক্ষেত্রে ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা তালিকা/মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সনদ স্বাক্ষরিত হতে হবে। অন্য সকল সাময়িক সনদ/গেজেটভূক্ত মুক্তিযোদ্ধা পোষ্যদের আবেদনের সাথে এ মর্মে অঙ্গীকার করতে হবে যে, চুড়ান্ত তালিকায় মুক্তিযোদ্ধা হিসেবে তালিকাভূক্ত হতে না পারলে তার চাকরি বাতিল হবে। উপযুক্ত সনদের কপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। অন্যান্য কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রমাণপত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

১০। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদনপত্র দাখিল করতে হবে।

১১। আবেদনকারীকে উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, শেরপুর বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদনপত্র আগামী ১৫/১০/২১ খ্রি. তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে অর্থাৎ অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে সরাসরি অথবা ডাকযোগে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। অসম্পূর্ণ,ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্রে ওভাররাইটিং কিংবা ফ্লুইড ব্যবহার করা যাবে না।

১৩। আবেদনপত্রে কোন ধরণের সুপারিশ গ্রহণযোগ্য নয়।

১৪। যোগাযোগের জন্য প্রার্থীকে তার ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/-(দশ) টাকা মূল্যের ডাক টিকিট যুক্ত করে ৪.৫/১০ ইঞ্চি সাইজের একটি ফেরৎ খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, ইউনিয়নের নাম, ওয়ার্ড নম্বর, কোটার নাম উল্লেখ করতে হবে।

১৫। প্রার্থীকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৬। কোন প্রকার তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

১৭। মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদার এর পুত্র/কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন বাতিল/গ্রহণ করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন এবং কর্তৃপক্ষের যে কোন সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

২০/৯/২১
নিলুফা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ ও বাছাই কমিটি
শ্রীবরদী, শেরপুর।
মোবাইল নম্বর : ০১৭৮২-৮৯২৬৫৫
email: unosreebardi@mopa.gov.bd

পত্র নং- ০৫.৪৫.৮৯৯০.০০৪.৭৩.০৬১.১৭-৬৩৩(২০০)

তারিখ ০৫ আশ্বিন ১৪২৮ / ২০ সেপ্টেম্বর২০২১

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, শেরপুর।
৩। উপপরিচালক(উপসচিব), স্থানীয় সরকার, শেরপুর।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর।

চলমান পাতা-০৩



Scanned with CamScanner

অনুলিপি কার্যার্থে :

১। উপজেলা..........................................................অফিসার, শ্রীবরদী, শেরপুর।
২। অফিসার ইনচার্জ, শ্রীবরদী থানা, শেরপুর।
৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, শ্রীবরদী, শেরপুর। বিজ্ঞপ্তিটি উপজেলার ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৪। চেয়ারম্যান,..............................................ইউনিয়ন পরিষদ(সকল), শ্রীবরদী, শেরপুর। তাকে বিজ্ঞপ্তিটি তার ইউনিয়ন পরিষদের নোটিশ বোর্ডে, ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থানে, ইউনিয়ন তথ্য বাতায়নে এবং সকল হাট-বাজারের গুরুত্বপূর্ণ স্থানে সাঁটানোসহ বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.........................................ইউনিয়ন ভূমি অফিস(সকল), শ্রীবরদী, শেরপুর। বিজ্ঞপ্তিটি তার ইউনিয়ন ভূমি অফিসের নোটিশ বোর্ডে সাঁটানোর জন্য বলা হলো।
৬। সচিব,..................................................ইউনিয়ন পরিষদ(সকল), শ্রীবরদী, শেরপুর।
৭। সম্পাদক, দৈনিক তথ্য ধারা, শেরপুর। বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকায় ২১/০৯/২১ খ্রি. তারিখে (৩ কলাম ৮ ইঞ্চি) ০১(এক) দিনের জন্য প্রকাশের অনুরোধ করা হলো।
৮। জনাব..................................................................................................., শ্রীবরদী, শেরপুর।
৯। নোটিশ বোর্ড/অফিস কপি।

Nalufa
২০/৯/২১

নিলুফা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
গ্রাম পুলিশ নিয়োগ ও বাছাই কমিটি
শ্রীবরদী, শেরপুর।
মোবাইল নম্বর : ০১৭৮২-৮৯২৬৫৫
email: unosreebardi@mopa.gov.bd

D:\ABUL KALAM FILE 1\Chukidar\Chukidar-1 - Copy MZ.doc_268

Scanned with CamScanner